



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম।

ফোন নং-৬৩৬০৫১, ৬২৬২০৪, ৬২৬৬০৩, ফ্যাক্স : ৬১৯৪৬৮।

ই-মেইল : principal@gccc.edu.bd, info@gccc.edu.bd, principal_citycollege_ctg@yahoo.com

ওয়েব সাইট : www.gccc.edu.bd.

বিজ্ঞপ্তি

তারিখ: ১৭/০৫/২০২৬খ্রি.

২০২৫ সালের অনার্স ১ম বর্ষ শিক্ষার্থীদের (নিয়মিত: ২০২৪-২০২৫) জানানো যাচ্ছে যে, তাদের ফরম পূরণের ফি কলেজের ওয়েব সাইটের মাধ্যমে আগামী ২০/০৫/২০২৬খ্রি. থেকে ১১/০৬/২০২৬খ্রি. তারিখের মধ্যে নিম্নবর্ণিত ফি পরিশোধ করে ফরম পূরণ কার্যক্রম সম্পন্ন করার নির্দেশ দেয়া যাচ্ছে।

- নিয়মিত শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য :

বিষয়	টাকার পরিমাণ	স্ব স্ব বিভাগে পূরণকৃত ফরম জমাদানের তারিখ ও সময়
বাংলা, ইংরেজি, দর্শন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলামী শিক্ষা, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি	৩,৩৭৫/-	১০/০৬/২০২৬খ্রি. ও ১১/০৬/২০২৬খ্রি.
হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা	৩,৬৭৫/-	
রসায়নবিজ্ঞান	৪,৭২৫/-	
পদার্থবিজ্ঞান/গণিত	৪,৪৭৫/-	
উদ্ভিদবিজ্ঞান/ প্রাণিবিজ্ঞান	৪,৬৫০/-	
মনোবিজ্ঞান	৪,১০০/-	

অনিয়মিত পরীক্ষার্থীদের জন্যঃ-২০২১-২২, ২০২২-২৩, ২০২৩-২৪ শিক্ষাবর্ষের যে সকল পরীক্ষার্থী অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে কিন্তু এক বা একাধিক বিষয়ে F গ্রেড পেয়েছে সে সকল পরীক্ষার্থী অনিয়মিত হিসাবে ২০২৩-২৪ শিক্ষাবর্ষের (পুরাতন সিলেবাস অনুযায়ী) ২০২৫ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্যঃ-২০২৪ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে প্রথম বারের মত পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে Promoted হয়েছে এ সকল পরীক্ষার্থী শুধুমাত্র C,C+ এবং D গ্রেড প্রাপ্ত কোর্স/ কোর্সসমূহে গ্রেড উন্নয়ন পরীক্ষায় সর্বোচ্চ ০২ (দুই) টি পত্র কোর্সে অংশগ্রহণ করতে পারবে।

যে সকল পরীক্ষার্থী ২০১৮-১৯, ২০১৯-২০, ২০২০-২১, ২০২১-২২ ও ২০২২-২৩, ২০২৩-২৪ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড রয়েছে তারা ২০২৫ সালের পরীক্ষায় F গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্স সমূহে অংশগ্রহণ করতে পারবে।

অনিয়মিত/মানোন্নয়ন/গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীরা ডাউনলোডকৃত ফরমে উল্লিখিত University fee-এর সাথে ৯০০/- (নয়শত) টাকা এবং যাদের ইন-কোর্স পরীক্ষা নেই তারা ৬০০/- (ছয়শত) টাকা যোগ করে সর্বমোট টাকা পরিশোধ করতে হবে। উল্লেখ্য, যাদের ব্যবহারিক পরীক্ষা আছে তারা স্ব স্ব বিভাগে যোগাযোগ করে ব্যবহারিক ফি জেনে উক্ত টাকাসহ যোগ করে পরিশোধ করতে হবে।

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের শিক্ষার্থীর ফরমে উল্লিখিত ফি'র সাথে ৬০০/- (ছয়শত) টাকা যোগ করে সর্বমোট ফি কলেজ ওয়েব সাইট-এর মাধ্যমে পরিশোধ করতে হবে।

শিক্ষার্থী কর্তৃক ফরম পূরণের নিয়মাবলী ও করণীয় :

ক. আবেদনকারীকে নিজ দায়িত্বে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nubd.info/honours - এ গিয়ে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে আবেদন ফরম যথাযথ ভাবে পূরণ এবং ডাউনলোড করে প্রিন্ট কপি সংশ্লিষ্ট বিভাগে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে।

খ. আবেদনকারীকে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ কপি ছবি আবেদন ফরমের সঙ্গে সংযুক্ত করে দিতে হবে।

গ. অন-লাইনে ফি পরিশোধের কলেজ কপি প্রিন্ট করে ফরমে সাথে সংযুক্ত করে দিতে হবে।

ঘ. আবেদন ফরমের সাথে স্ব স্ব রেজি:কার্ডের ফটোকপি সংযুক্ত করতে হবে।

ঙ. গ্রেড উন্নয়ন শিক্ষার্থীদেরকে পূর্বের পরীক্ষার ফলাফল সীটের ফটোকপি সংযুক্ত করতে হবে।

চ. ফি'র পরিমাণ কম/বেশি হলে তাৎক্ষণিক কলেজ অফিসে যোগাযোগ করে ফি পরিশোধ করতে হবে।

ফি পরিশোধের নিয়মাবলী :

স্টেপ ০১ : <https://ems.gccc.edu.bd/online-form-fill-up> লিংকে প্রবেশ করুন।

স্টেপ ০২ : একটু নিচে স্ক্রল কোরে from fill up এই অপশনটিতে প্রবেশ করুন।

স্টেপ ০৩ : Form Fill up Type হতে Honours Form Fillup সিলেক্ট করুন।

স্টেপ ০৪ : Department (subject) সিলেক্ট করুন।

স্টেপ ০৫ : Reg. Number এর ঘরে শিক্ষার্থীর ১১ ডিজিটের Reg. Number টি টাইপ করুন।

স্টেপ ০৬ : সঠিক ভাবে ক্যাপচা কোড টি বসান।

স্টেপ ০৭ : Payment Method- এ Ekipay payment সিলেক্ট করুন।

স্টেপ ০৮ : এরপর verify অপশন টি তে ক্লিক করে ধাপে ধাপে payment complete করুন।

স্টেপ ০৯ : payment complete এর পর PDF File টি ডাউনলোড করার মাধ্যমে payment copy টি সংরক্ষণ করুন।

17.05.26
অধ্যক্ষ

সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম।

অনুলিপি বিতরণ :

- উপাধ্যক্ষ, সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম।
- সংশ্লিষ্ট বিভাগ, এ কলেজ;
- অফিস নথি।

17.05.26

17.05.26

17.05.26